দৈনিক জনকণ্ঠ

18 APR 2016 ৩ ৪

# এইউবিতে গ্র্যাজুয়েশন প্রোগ্রাম অনুষ্ঠিত

সম্প্রতি এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের (এইউবি) ইংলিশ এ্যাসোসিয়েশন ইংরেজী বিভাগের ২৮তম ব্যাচের শিক্ষার্থীদের অংশগ্রহণে গ্র্যাজুয়েশন প্রোগ্রামের আয়োজন করে। বিশ্ববিদ্যালয়ের আয়েশা মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এইউবি'র প্রতিষ্ঠাতা ও উপাচার্য প্রফেসর ড. আবুল হাসান মুহাম্মদ সাদেক।

প্রধান অতিথি বিদায়ী শিক্ষার্থীদের সফল ভবিষ্যত কর্মজীবন কামনা করে বলেন, কর্মজীবনে তোমরা সততার স্বাক্ষর রাখবে। তিনি বলেন, নৈতিকতা কর্মজীবনে সফলতার সবচেয়ে কার্যকরী যোগ্যতার নাম। তিনি সবাইকে গ্র্যাজুয়েশনেই শিক্ষা জীবনের ইতি না টেনে মাস্টার্স এবং তদুপরি এমফিল পিএইচডি ডিগ্রী অর্জনের জন্য আহ্বান জানান। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ট্রেজার এড. আবুল কালাম আজাদ, পরীক্ষা নিয়ন্ত্রক ও ভিসি বিশেষ সহযোগী কে, এম, মনিরুল ইসলাম প্রমুখ। -বিজ্ঞপ্তি